

কিভাবে এসএলটি সিদ্ধান্ত গ্রহণ করে?

এসএলটি-গুলোকে অবশ্যই ঐকমত্যভিত্তিক সিদ্ধান্তগ্রহণ নীতিকে তাদের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণের নীতি হিসেবে ব্যবহার করতে হবে। এ ধরনের দলগত সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়াতে সকল অংশগ্রহণকারীরা মতামত দিতে এবং চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করতে সহায়তা দিতে পারেন। সদস্যরা একে অন্যের অভিমত শুনে সমাধানে উপনীত হতে ও সবার গ্রহণযোগ্য সিদ্ধান্ত গ্রহণের চেষ্টা করেন।

এ ধরনের দৃষ্টিভঙ্গী ক্ষমতায়নধর্মী কারণ প্রতিটি সদস্য এখানে দলীয় সিদ্ধান্ত গ্রহণে প্রভাব রাখতে পারেন। সকল সদস্য মতামত ও উদ্বেগ প্রকাশের সুযোগ লাভ করেন বলে তাদের সবাই দলীয় কাজে সময় দিতে ও সংযুক্ত থাকতে আগ্রহ বোধ করার সম্ভাবনা বেশি হয়। এটি বৃহত্তর সহযোগিতা ও পারস্পরিক মর্যাদা প্রদর্শনের ক্ষেত্র প্রস্তুত করে।

আরও তথ্য ও সহায়তার জন্য:

নিচের প্যারেন্ট লিডারশিপ ওয়েবসাইট দেখুন:
www.schools.nyc.gov/Offices/FACE/BecomingaParentLeader/default.htm

ডিস্ট্রিক্ট প্যারেন্ট লিডারশিপ টিম (ডিএলটি) নিজ ডিস্ট্রিক্ট-এর এসএলটিগুলোর জন্য সহায়তা, তত্ত্বাবধান, কৌশলগত সহায়তা এবং দ্বন্দ্ব নিরসনে সাহায্য করে। ডিএলটি সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন

[Chancellor's Regulation A-655](#)

আপনার অন্য কোন প্রশ্ন থাকলে অনুগ্রহ করে
ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট
এর সাথে ইমেইলে
FACE@schools.nyc.gov ঠিকানায় বা ফোনে
212.374.4118 নম্বরে যোগাযোগ করুন।

এসএলটি-এর সংক্ষিপ্ত পরিচিতি

ডিভিশন অব ফ্যামেলি অ্যান্ড কমিউনিটি এনগেজমেন্ট
পিতামাতা ও পরিবারবর্গ

স্কুল লিডারশিপ টিম (এসএলটি) কি?

স্কুল লিডারশিপ টিম (এসএলটি) স্কুলভিত্তিক শিক্ষাগত নীতি তৈরি করা এবং সেসব নীতি বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় সহায়সঞ্জতি সংস্থান নিশ্চিত করার উপায়। এসএলটিগুলো স্কুলের শিক্ষাগত কর্মসূচি এবং শিক্ষার্থীদের সাফল্য অর্জনে তাদের কার্যকারিতা মূল্যায়ন ও পরীক্ষা করায় সহায়তা প্রদান করে।

এসএলটিগুলো স্কুলভিত্তিক সিদ্ধান্তগ্রহণের জন্য একটি কাঠামো তৈরি এবং একটি যৌথসহায়তামূলক স্কুল সংস্কৃতি চালু করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ল, সেকশন ২৫৯০-এইচ অনুযায়ী প্রতিটি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলোতে একটি করে স্কুল লিডারশিপ টিম থাকা আবশ্যিক।

তদুপরি, চ্যান্সেলরের প্রবিধান এ-৬৫৫ (সিআর এ-৬৫৫) এ প্রদত্ত রূপরেখা অনুযায়ী নিউ ইয়র্ক সিটির প্রতিটি পাবলিক স্কুলে কার্যকর এসএলটি গঠন নিশ্চিত করার বিধান রয়েছে।

এসএলটি-এর কাজ কি?

স্কুলের কর্মপ্রহেনসিভ এডুকেশন্যাল প্ল্যান (সমন্বিত শিক্ষা পরিকল্পনা, সিইপি) প্রণয়নের দায়িত্ব এসএলটি-এর।

- স্কুল স্টাফ নিয়োগ বা পদচ্যুত করার জন্য এসএলটি দায়িত্বপ্রাপ্ত নয়। তবে চ্যান্সেলরের প্রবিধান সি-৩০ অনুযায়ী কোন প্রিন্সিপ্যাল বা অ্যাসিস্ট্যান্ট প্রিন্সিপ্যাল পদপ্রার্থীকে নিয়োগ দেওয়ার পূর্বে অবশ্যই এসএলটি-এর সাথে আলোচনা করতে হবে।
- এসএলটি সদস্যদের সাথে বছর জুড়ে কার্যকর যৌথ সিদ্ধান্ত গ্রহণমূলক সম্পর্ক রাখার ব্যাপারে প্রিন্সিপ্যালের রেকর্ড-এর একটি বার্ষিক মূল্যায়ন এসএলটি কমিউনিটি ডিস্ট্রিক্ট বা হাই স্কুল সুপারিনটেনডেন্ট-এর কাছে প্রদান করবে।

স্কুল লিডারশিপ টিম (এসএলটি)-এ কে কে কাজ করার উপযুক্ত?

স্কুল কমিউনিটিতে তিনজন সদস্য আছেন, যাদেরকে এসএলটি-তে অন্তর্ভুক্ত করা আবশ্যিক। এরা হলেন:

- (১) প্রিন্সিপ্যাল
- (২) প্যারেন্ট অ্যাসোসিয়েশন/প্যারেন্ট-টিচার অ্যাসোসিয়েশন প্রেসিডেন্ট
- (৩) ইউনাইটেড ফেডারেশন অব টিচার্স চ্যাপ্টার লিডার

টিম-এর বাকি অংশ গঠিত হবে নির্বাচিত পিতামাতা ও স্টাফ সদস্যদের মধ্য থেকে। এসএলটি-এর পিতামাতা ও স্টাফ সদস্যরা অবশ্যই সংখ্যায় সমান হতে হবে।

এসএলটি শিক্ষার্থী সদস্য (হাই স্কুলের ক্ষেত্রে কমপক্ষে ২জন শিক্ষার্থী বাধ্যতামূলক) এবং স্কুলের সাথে কর্মরত কমিউনিটি বেজড অর্গ্যানাইজেশনগুলোকেও (সিবিও) প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে পারে। সমান সংখ্যক পিতামাতা ও স্টাফ আছেন কি-না, সেটা হিসাবের সময় শিক্ষার্থী ও সিবিও প্রতিনিধিদের গণনা করা হবে না।

স্কুলের এসএলটি কিভাবে গঠিত হবে, সেটা যথাযথভাবে টিম-এর উপবিধিতে উল্লিখিত থাকবে।

স্কুল লিডারশিপ টিম-এ কতোজন সদস্য কাজ করেন?

একটি এসএলটি-তে কমপক্ষে ১০ এবং উর্ধে ১৭ জন সদস্য থাকতে পারবেন। আপনার স্কুলের এসএলটি সদস্য সংখ্যা কতো হবে, তা যথাযথভাবে টিম-এর উপবিধিতে উল্লিখিত থাকবে।

মোট সংখ্যা যা-ই হোক, এসএলটি-এর অবশ্যই সমসংখ্যক পিতামাতা সদস্য ও কর্মী সদস্য থাকতে হবে।